# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 29 May, 2025

জোয়ার আর জলোচ্ছ্বাসে টালমাটাল উপকূলীয় জনজীবন। পানিতে তলিয়ে গেছে রাস্তাঘাট, ঘরবাড়ি, মাঠঘাট। কিন্তু প্রাকৃতিক দুর্যোগও থেমে নেই জীবনের গুরুত্বপূর্ণ অধ্যায় বিয়ে।

বৃহস্পতিবার (২৯ মে) দুপুরে নোয়াখালীর দ্বীপ উপজেলা হাতিয়ার নিঝুমদ্বীপ ইউনিয়নে ঘটেছে এমনই ব্যতিক্রমী ঘটনা।জোয়ারের পানিতে চারপাশ ডুবে গেলেও নৌকায় চড়ে কন্যার বাড়ি এসেছে বরযাত্রী।

স্থানীয় সূত্রে জানা যায়, নিঝুমদ্বীপ ইউনিয়নের ৯নং ওয়ার্ডের মোল্লা গ্রামের রিদনের বাড়িতে বিয়ের অনুষ্ঠান ছিল। বিয়ের দিন সকালেই উঠে আসে জোয়ারের পানি। ঘরের চারপাশসহ আশপাশের এলাকা পানিতে তলিয়ে যায়। এমন পরিস্থিতিতে সংশয় দেখা দিলেও পিছিয়ে যাননি বরপক্ষ।সময়মতো আয়োজন মেনে বরযাত্রী চলে আসেন।বাধ্য হয়ে নিয়েছেন নৌকার সাহায্য।নৌকায় বাদ্য-বাজনা না থাকলেও ছিল হাস্যোজ্জ্বল মুখ আর আনন্দঘন পরিবেশ।

একই গ্রামের বাসিন্দা আরিফুল ইসলাম আরিফ বলেন, ভালোবাসা থামে না কোনো দুর্যোগে। তাই শত প্রতিকূলতা পেরিয়েও বিয়ের আয়োজন সম্পন্ন হয়েছে।তবে উপস্থিতি ছিল খুব কম। আগামীকাল এই দম্পতির বৌভাত হওয়ার কথা রয়েছে।তাদের জন্য দোয়া করবেন।

সাবেক ইউপি সদস্য মো. শাহেদ উদ্দিন শাহেদ বলেন, বিগত কয়েকদিন ধরেই ঘূর্ণিঝড়ের প্রভাবে উপকূলে জোয়ারের পানি বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে নিঝুমদ্বীপের নিচু এলাকাগুলো বারবার পানিতে প্লাবিত হচ্ছে। এ অবস্থায় জরুরি প্রয়োজন ছাড়া বের না হওয়ার পরামর্শ

দেওয়া হলেও বিয়ের মতো অনুষ্ঠানে মানুষকে থামানো কঠিন।

নিঝুমদ্বীপ ইউনিয়নের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) লাভলী আক্তার বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, জোয়ারের পানি এখনো পুরোপুরি নামেনি। আবারও এমন পরিস্থিতির আশঙ্কা রয়েছে। তবে সব কিছুর মাঝেও এই ব্যতিক্রমী বিয়ে অনুষ্ঠানের কথা এখন সবার মুখে।

জোয়ার জলোচ্ছ্বাস বিয়ে

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 08:40

URL: https://www.timestodaybd.com/chittagong/3114775807